

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৩৪

১/ বিবিধ

আরবী

من كان موسرا لأن ينكح، فلم ينكح، فليس مني
ضعيف

رواه ابن أبي شيبة في " المصنف " (2 / 1 / 7) والطبراني في " الأوسط " (1 / 162 / 1) والبيهقي في " السنن " (78 / 7) وفي " شعب الإيمان " (2 / 134 / 2) والواحد في " الوسيط " (2 / 114 / 3) عن ابن جريج عن عمير بن مغلس عن أبي نجيح مرفوعا. قلت: وهذا سند ضعيف وفيه علة: الأولى: الإرسال فإن أبا نجيح هذا تابعي ثقة واسمه يسار. الثانية: ضعف عمير بن مغلس أورده العقيلي في " الضعفاء " (ص 317) وقال: " روى عن حريز بن عثمان عن عبد الرحمن بن جبير ولا يتابع عليه ولا يعرف إلا به ". ثم ساق له

حديثا يأتي بلفظ: " لا ينقطع دولة ولد فلان ... ". وقال الذهبي فيه: " شامي لا يعرف ", فقول الهيتمي (4 / 251 - 252): " رواه الطبراني في " الأوسط " و " الكبير " وإسناده مرسل حسن كما قال ابن معين ". فهو غير حسن، كيف وفيه علة أخرى وهي عنونة ابن جريج؛ لكنه قد صرح بالتحديث عند البيهقي، فانتفت شبهة تدليسه. وانحصرت العلة فيما تقدم، وبالأولى أعلاه البيهقي فقال: هذا مرسل

বাংলা

১৯৩৪। যে ব্যক্তি বিয়ে করার ক্ষেত্রে সচ্ছল হওয়া সত্ত্বেও বিয়ে করল না, সে আমার অন্তর্ভুক্ত নয়।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু আবী শাইবাহ “আলমুসান্নাফ” গ্রন্থে (৭/১/২), ত্বারানী “আলআওসাত” গ্রন্থে (১/১৬২/১), বাইহাকী “আসসুনান” (৭/৭৮) ও “শুয়াবুল ঈমান” গ্রন্থে (২/১৩৪/২) ও অহেদী “আলঅসীত” গ্রন্থে (৩/১১৪/২) ইবনু জুরায়েজ হতে, তিনি উমায়ের ইবনু মুগাল্লিস হতে, তিনি আবু নাজীহ হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ কয়েকটি কারণে এ সনদটি দুর্বলঃ

১। সনদটি মুরসাল। কারণ আবু নাজীহ হচ্ছে নির্ভরযোগ্য তাবেঈ, তার নাম ইয়াসার।

২। উমায়ের ইবনু মুগাল্লিস দুর্বল। তাকে ওকাইলী “আযযুয়াফা” গ্রন্থে (পৃঃ ৩১৭) উল্লেখ করে বলেছেনঃ তিনি ছুরায়য ইবনু উসমান হতে, তিনি আব্দুর রহমান ইবনু জুবায়ের হতে বর্ণনা করেছেন। তার মুতাবা’য়াত করা হয়নি এবং তাকে একমাত্র তার দ্বারাই চেনা যায়। অতঃপর তিনি তার একটি হাদীস উল্লেখ করেছেন সেটি পরবর্তীতে আসবেঃ

لا ينقطع دولة ولد فلان

হাফিয যাহাবী তার সম্পর্কে বলেনঃ তিনি শামী, তাকে চেনা যায় না।

হাইসামী (৪/২৫১-২৫২) বলেছেনঃ এটিকে ত্বারানী “আলআওসাত” ও “আলকাবীর” গ্রন্থে বর্ণনা করেছেন। এর সনদটি মুরসাল হাসান যেমনটি ইবনু মাঈন বলেছেন।

তার এ কথা হাসান নয়। কারণ এর সনদে অন্য একটি সমস্যা রয়েছে, তা হচ্ছে ইবনু জুরায়েজ কর্তৃক আন আন করে বর্ণনা করা। তবে তিনি বাইহাকীর নিকট স্পষ্ট করেছেন হাদীস শ্রবণ করাকে। ফলে এ সমস্যা থেকে হাদীসটি নিরাপদ। শুধুমাত্র বাকি থাকছে পূর্বে উল্লেখকৃত সমস্যা। বাইহাকী প্রথম সমস্যা উল্লেখ করেই হাদিসটির সমস্যা বর্ণনা করে বলেছেনঃ এটি মুরসাল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72817>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন